

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হতে পারে ২৮ নভেম্বর

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষা শুরু হতে যাচ্ছে চলতি বছরের ২৮ নভেম্বর। এদিন ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ) ইউনিটের ভর্তি পরীক্ষার মাধ্যমে শুরু হবে এবারের শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা।

সম্প্রতি ঢাবির অনুষদগুলোর ডিনদের নিয়ে ডিনস কমিটির বৈঠকে আইবিএসহ অন্যান্য ইউনিটগুলোর ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ নির্ধারণ করা হয়েছে। আগামী ১২ অক্টোবর সকাল ১১টায় সাধারণ ভর্তি কমিটির সভায় ভর্তি পরীক্ষার তারিখ নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

বিশ্ববিদ্যালয়ের সাধারণ ভর্তি কমিটির এক সূত্র কালের কণ্ঠকে ডিনস কমিটির সভায় নেওয়া ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ নিশ্চিত করেছেন।

সূত্র জানায়, এবারের শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে জন্য অনলাইনে আবেদন শুরু হবে নভেম্বরের শুরুতে। আগামী ২৮ নভেম্বর আইবিএ ইউনিট, ২৯ নভেম্বর চারুকলা ইউনিট, ৬ ডিসেম্বর ব্যবসা শিক্ষা ইউনিট, ১৩ ডিসেম্বর বিজ্ঞান ইউনিট এবং ২০ ডিসেম্বর কলা, সামাজিক বিজ্ঞান ও আইন ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হতে পারে।

ডিনস কমিটির সভায় ভর্তি পরীক্ষার যে তারিখগুলো নির্ধারণ করা হয়েছে সেগুলো সুপারিশ আকারে সাধারণ ভর্তি কমিটির সভায় উপস্থাপন করা হবে।

সাধারণত ডিনস কমিটির সভার নির্ধারিত তারিখগুলোই সাধারণ ভর্তি কমিটি চূড়ান্ত তারিখ হিসেবে নির্ধারণ করে, তেমন কোন পরিবর্তন করে না।

এ বিষয়ে ঢাবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা কালের কণ্ঠকে বলেন, ডিনস কমিটির সভায় যে তারিখগুলো নির্ধারণ করা হয়েছে সেগুলো নিয়ে আগামী ১২ অক্টোবরের সাধারণ ভর্তি কমিটির সভায় আলোচনা হবে। সেখানে সকল অংশীজনদের মতামত নিয়ে ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণ করা হবে।

